**শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম- এর আওতাভুক্ত "পারফরমেন্স বেসড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম" এর আওতায় উপজেলা/থানা পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে "Startup, Science Project and Innovation Idea Showcasing" মেলা আয়োজনের উপজেলা কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি : মিলটন চন্দ্র পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
সভার তারিখ ও সময়: ০২/০৬/২০২৬খ্রি., বিকাল ৩:০০টা

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.০৬.০০০৪.২০(অংশ-১)-৯১ তারিখ: ০২/০৬/২০২৬ খ্রি: তারিখের সংশোধিত পত্রটি পাঠ করে শোনান। এ সময় তিনি সভায় জানান আগামী ১২/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে "Startup, Science Project and Innovation Idea Showcasing" কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে।" বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | "Startup, Science Project and Innovation Idea Showcasing" মেলা আয়োজনের তারিখ ও স্থান নির্ধারণ | "Startup, Science Project and Innovation Idea Showcasing" মেলা আগামী ১২/০৬/২০২৬ তারিখ সকাল ৯.৩০ টায় উপজেলা পরিষদ হল রুমে অনুষ্ঠিত হবে। | আহ্বায়ক কমিটি |
| ২. | প্রতিযোগিতার বিষয় :<br><br>ক।<br><br>স্টার্টআপ (Startup): | ১. স্টার্টআপ (Startup):<br>স্টার্টআপ বলতে বুঝায় একটি নতুন ব্যবসা বা উদ্যোগ যার মাধ্যমে সাধারণতঃ একটি সুনির্দিষ্ট সমস্যার সমাধান করে বা নতুন কোনো পণ্য সরবরাহের মাধ্যমে ক্রেতা তৈরি করা হয়। এটি ছোট পরিসরে শুরু হলেও এর একটি বৃহৎ সম্ভাবনা থাকে। এটি নতুন ব্যবসা বা উদ্যোগ, যা সমাজের কোনো সুনির্দিষ্ট বা জটিল সমস্যার সম্পূর্ণ নতুন ও অভিনব (Innovative) উপায়ে সমাধান নিয়ে আসে। স্টার্টআপের মাধ্যমে কোনো নতুন উদ্যোগ বা ব্যবসা বড় করার সুপ্ত সম্ভাবনা থাকে। আমাদের দেশের চালডাল, পাঠাও, ফুডপান্ডা, বিকাশ ইত্যাদির মতো বিজ্ঞাপিত কোম্পানিগুলো একসময় স্টার্টআপ ছিল। এছাড়া এমন কিছু ব্যবহারিক বা সেবাধর্মী আইডিয়া নিয়ে আসতে হবে যা বাস্তবসম্মত এবং সমাজের কোনো সমস্যার সমাধান করে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করা সম্ভব হয়। শিক্ষার্থীরা স্থানীয় রিসোর্সকে কাজে লাগিয়ে নতুন আইডিয়া সৃষ্টির মাধ্যমে সহজেই খুব উদ্যোক্তা হতে পারে। পড়াশোনার পাশাপাশি তার সৃজন ক্ষমতা, জ্ঞান ও দক্ষতার সমন্বয়ে নিজেকে স্টার্টআপ করতে পারে। পুরো টীম মিলে একটি আইডিয়াকে ব্রেইন স্ট্রমিং করে এর বাস্তবায়ন নিয়ে কাজ করতে পারে। টিমের শিক্ষকগণ এক্ষেত্রে সমন্বয় করবেন ও গাইডলাইন দিবেন। স্টার্টআপ মানে বড় বড় কোম্পানির পার্টনার হওয়া নয়, বরং কোনো সমস্যা | সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| | | টেকসই সমাধানের মাধ্যমে স্টার্টআপ গড়ে তোলা সম্ভব। এক্ষেত্রে প্রজেক্ট এর মাধ্যমে প্রমাণ রাখতে হবে, সমস্যা কী? কার সমস্যা? এর সমাধান কী হতে পারে? এই সমাধান কিভাবে পূরণ হবে? কেন মানুষ এই সমাধান ব্যবহার করবে? খরচ কেমন? খরচ যোগানোর উৎস কী? এটি কিভাবে লাভজনক হবে? ইত্যাদি।<br><br>যেমন, হাত ও পায়ের কাজ না করা পিঠের মেরুদন্ড আঘাত জনিত রোগীদের ব্যবহারের জন্য কোনো ফিউচার/স্মার্ট/স্বয়ংক্রিয় হুইলচেয়ার তৈরি করা যা চালকের হাত বা চোখের মুভমেন্ট ও ভয়েস কমান্ডে সহায়তা করা, দৃষ্টিহীন বা বধিরদের জন্য শিক্ষণীয় অ্যাপস বা ডিভাইস তৈরি করা, ঘরের তাপমাত্রা অনুযায়ী ফ্যান গতি নিয়ন্ত্রণ, নিজের চারপাশের সমস্যার সহজ সমাধান, ব্লুটুথ ডিভাইস ব্যবহার করে নিরাপত্তা ও লক ম্যানেজমেন্ট করা, গ্রামীণ অর্থনীতি বাড়াতে কৃষি প্রযুক্তির আধুনিকায়ন নিয়ে কোনো অভিনব আইডিয়া। প্লাস্টিকের বিকল্প: পাট বা অন্য কোনো প্রাকৃতিক উপাদান দিয়ে পচনশীল গঠনশীল ও টেকসই প্যাকিং সামগ্রী তৈরির আইডিয়া। ডিজিটাল স্বাস্থ্যসেবা: প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে দ্রুত প্রাথমিক চিকিৎসা বা পরামর্শ পৌঁছে দেওয়ার উদ্ভাবনী উপায় তৈরি। স্টার্টআপের মাধ্যমে শিক্ষার্থীরা পড়াশোনার পাশাপাশি ভবিষ্যতের সফল উদ্যোক্তা হতে পারে। | |
| | খ।<br><br>বিজ্ঞান প্রকল্প (Science Project): | ২. বিজ্ঞান প্রকল্প (Science Project):<br>বিজ্ঞান প্রজেক্ট (Science Project) বা বিজ্ঞান প্রকল্প হলো বিজ্ঞানের কোনো সূত্র বা তত্ত্বকে ক্ষুদ্র পরিসরে বাস্তবে রূপ দিয়ে বা নিজের হাতে-কলমে একটি মডেল, পরীক্ষা বা প্রজেক্ট তৈরি করে তার সত্যতা প্রমাণ করা। সহজ কথায়, "বিজ্ঞান কীভাবে কাজ করে, তা একটা প্রজেক্টের মাধ্যমে চোখের সামনে ফুটিয়ে তোলা। Science Project-এ শিক্ষার্থীরা নিজেদের জ্ঞান ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষকদের সাহায্যে বিজ্ঞান ও প্রযুক্তির সূত্র ব্যবহার করে হাতে-কলমে কোনো কার্যকরী মডেল বা প্রজেক্ট তৈরি করতে পারে।<br>যেমন,<br>সহজলভ্য পলিথিন দিয়ে তৈরি ঘর: নদী বা সমুদ্রের তীরবর্তী অতি সহজে ও কম খরচে বাসের উপযোগী করার বৈজ্ঞানিক মডেল। স্মার্ট হোম ও এনার্জি সেভিং সিস্টেম: ঘরে কেউ না থাকলে স্বয়ংক্রিয়ভাবে লাইট-ফ্যান বন্ধ হওয়া বা আরডুইনোভিত্তিক স্বয়ংক্রিয় ব্যবহারের প্রযুক্তি। | সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ |
| | গ।<br><br>ইনোভেশন আইডিয়া (Innovation Idea) | ৩. ইনোভেশন আইডিয়া (Innovation Idea)<br>যে কোনো ছোট পরিবর্তন, যা মানুষের সময়, শ্রম, টাকা বা কষ্ট কমায়, বা জীবনকে সহজ করে- তাই উদ্ভাবন। যদি এখনই বড় প্রজেক্ট বা স্টার্টআপ তৈরি করা সম্ভব না-ও হয়, তবে সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে এমন যে-কোনো নতুন ও সৃজনশীল ধারণাই হলো ইনোভেশন আইডিয়া।<br><br>যেমন, আগেকার দিনে মানুষ এক জায়গা থেকে অন্য জায়গায় ভারী জিনিসপত্র বা বস্তা টেনে-হিঁচড়ে নিয়ে যেত, যাতে অনেক কষ্ট হতো। কোনো এক বিজ্ঞানী প্রথম 'চাকা' আবিষ্কার করলেন। এটি হলো আবিষ্কার (Invention)। চাকা আবিষ্কারের অনেক বছর পর কেউ একজন ভাবলেন- "আচ্ছা, ট্রাভেল ব্যাগের নিচে যদি দুটো ছোট চাকা লাগিয়ে দেওয়া | সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| | | যায়, তবে তো ভারী ব্যাগ টেনে নেওয়া কত সহজ হয়ে যায়!" এই যে ব্যাগের নিচে চাকা লাগিয়ে মানুষের কষ্ট দূর করার অভিনব আইডিয়া, এটিই হলো ইনোভেশন (Innovation)।<br>শিক্ষার্থীদের ইনোভেশন প্রজেক্ট বা আইডিয়া তৈরি করতে মূলত ৩টি জিনিস মাথায় রাখতে হবে:<br>নতুনত্ব (Novelty): প্রজেক্ট বা আইডিয়াটি যেন প্রচলিত নিয়মের চেয়ে একটু আলাদা এবং বুদ্ধিদীপ্ত হয়।<br>সহজ সমাধান (Utility): আইডিয়াটি যেন মানুষের কোনো একটি সমস্যার সহজ সমাধান দেয় বা কোনো কাজকে আগের চেয়ে আরামদায়ক করে তোলে।<br>বাস্তবায়নযোগ্যতা (Feasibility): আইডিয়াটি যেন শুধু খাতায়-কলমে না থেকে বাস্তবে রূপ দেওয়া সম্ভব হয়।<br>স্কুল-কলেজের শিক্ষার্থীরা তাদের চারপাশের পরিবেশ দেখেই দারুণ সব ইনোভেশন করতে পারে। যেমন-<br>শিক্ষা ক্ষেত্রে ইনোভেশন: দৃষ্টিহীনদের মনে রাখার জন্য কোনো বিশেষ ব্লাইন্ড-কার্ড গেম বানানো বা বাসাবাড়ির পড়া সহজে বোঝার জন্য কোনো থ্রি-ডি মডেল তৈরি করা।<br>স্মার্ট ট্রাফিক ও সড়ক নিরাপত্তা: দুর্ঘটনা রোধে বা যানজট কমাতে ট্রাফিক সিগন্যালগুলোর আধুনিকায়ন নিয়ে কোনো অভিনব আইডিয়া।<br>পরিবেশের বিষয়: স্মার্ট বা অন্য কোনো প্রাকৃতিক উপাদান দিয়ে ক্ষতিকর শ্যাওলা ও তৈলাক্ত বর্জ্য পরিষ্কার করার আইডিয়া।<br>ডিজিটাল স্বাস্থ্যসেবা: প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে দ্রুত প্রাথমিক চিকিৎসা বা পরামর্শ পৌঁছে দেওয়ার উদ্ভাবনী উপায় তৈরি। | |
| ৩. | উপস্থাপিত প্রকল্প/আইডিয়া মূল্যায়ন | ক) প্রজেক্ট/আইডিয়াটি কিভাবে কাজ করে।<br>খ) প্রজেক্ট/আইডিয়াটি থেকে মানুষ কিভাবে উপকৃত বা লাভবান হবে।<br>গ) প্রজেক্ট/আইডিয়াটিতে বৈজ্ঞানিক ভিত্তি কী<br>ঘ) প্রজেক্ট/আইডিয়াটি তৈরিতে সহজলভ্য জিনিস ব্যবহার<br>ঙ) প্রজেক্ট/আইডিয়াটি সম্পর্কে বিচারকদের সহজ ভাষায় ১/২ মিনিট বুঝিয়ে বলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৪. | প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠদানকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক পাঠদানকৃত কলেজ, মাদ্রাসা ও কারিগরি) প্রতিষ্ঠান আগামী ১২/০৬/২০২৬ খ্রি. তারিখে "Startup, Science Project and Innovation Idea Showcasing" শীর্ষক মেলায় অংশগ্রহণ করতে পারবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান |
| ৫. | প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দল | ক) প্রত্যেক প্রতিষ্ঠান ০৩ জন শিক্ষার্থী ও ০২ জন শিক্ষকের সমন্বয়ে একটি দল গঠন করবে। উক্ত টিম Startup বা Science Project বা Innovation Idea উদ্ভাবিত প্রজেক্ট মেলায় Showcasing করবে।<br>খ) একটি প্রতিষ্ঠান থেকে এক বা একাধিক দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষকমণ্ডলী শিক্ষার্থীদের প্রজেক্ট নির্বাচন, বাস্তবায়ন প্রক্রিয়া এবং এর প্রচার সহায়তায় গাইড আইডিয়া শেয়ার, তত্ত্বাবধান ও সহযোগিতা করবেন।<br>গ) উপজেলা পর্যায়ে নির্ধারিত কমিটি উপজেলা পর্যায়ে উপস্থাপন/প্রদর্শনকৃত প্রজেক্টসমূহের মধ্য থেকে ১টি প্রজেক্টকে বিজয়ী/শ্রেষ্ঠ হিসেবে নির্বাচন করবে | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান |

| | | | |
|---|---|---|---|
| | | এবং শ্রেষ্ঠ দলকে জেলায় আয়োজিত "Startup, Science Project and Innovation Idea Showcasing" প্রোগ্রামে অংশগ্রহণের ব্যবস্থা করবে। | |
| ৬. | পুরস্কার ও সনদ | উপজেলা পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী ৩ (তিন)টি দলকে পুরস্কার প্রদান করা হবে। শিক্ষক পাবেন "সুশিক্ষায় মেধাবী শিক্ষক পুরস্কার" এবং শিক্ষার্থী পাবে "উদ্ভাবনী মেধাবী শিক্ষার্থী পুরস্কার"। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৭. | আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনা | "Startup, Science Project and Innovation Idea Showcasing" বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন ধরনের লোকজনের সমাগম হবে। এ সময় আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার নিমিত্তে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অফিসার ইনচার্জ ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বাকেরগঞ্জ, বরিশাল বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৮. | মেডিকেল টীম বিষয়ে আলোচনা | "Startup, Science Project and Innovation Idea Showcasing" অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীসহ উপস্থিত লোকজনের জরুরি স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে একটি মেডিকেল টীম প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, বাকেরগঞ্জ, বরিশাল। বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৯. | উপ-কমিটি গঠন | মেলার সফল আয়োজন ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য নিম্নোক্তভাবে উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

**২। উদ্ভাবনী উপকরণ ক্রয় এবং স্টল প্রস্তুত উপ-কমিটি (পদ মর্যাদার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ০১. | উপজেলা একাডেমিক সুপার ভাইজার, বাকেরগঞ্জ, বরিশাল | আহ্বায়ক |
| ০২. | হিসাবরক্ষক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাকেরগঞ্জ, বরিশাল | সদস্য |
| ০৩. | অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাকেরগঞ্জ, বরিশাল | সদস্য |
| ০৪. | উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল | সদস্য সচিব |

**কার্যপরিধি:** উদ্ভাবনী উপকরণ ক্রয় এবং স্টল প্রস্তুত কার্যক্রম তদারকি করা, তোরণ নির্মাণ ও ব্যানার তৈরি; বিভিন্ন স্টলের সাজ সজ্জা করা; স্টলসমূহে ইলেকট্রিক লাইন সরবরাহ করা; সাউন্ড সিস্টেম লাগানো; বিভিন্ন স্টলে ব্যানার ও শ্লোগান লাগানো; উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের প্যান্ডেল ও ব্যানার তৈরি করার ব্যবস্থা করা।

**৩। মূল্যায়ন উপ-কমিটি (পদ মর্যাদার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ০১. | উপজেলা মৎস্য অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল | আহ্বায়ক |
| ০২. | উপজেলা আই সি টি অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল | সদস্য |
| ০৩. | সহকারি প্রোগ্রামার, ব্যানবেইস, বাকেরগঞ্জ, বরিশাল | সদস্য সচিব |

**কার্যপরিধি:** মূল্যায়ন নির্দেশক অনুযায়ী প্রতিটি স্টলের জন্য ছক তৈরি করে অনুষ্ঠানের দিনেই মূল্যায়ন সম্পন্ন করা, লিখিতভাবে মূল্যায়ন শিট উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল বরাবর প্রেরণ, সকল বিজয়ী প্রতিযোগিদের সনদপত্র প্রদানের ব্যবস্থা।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় "Startup, Science Project and Innovation Idea Showcasing" প্রোগ্রাম আয়োজনের মূল উদ্দেশ্যকে সার্থক করার নিমিত্তে সকলের সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৬/২০২৬

(মিলটন চন্দ্র পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নং- ৩৭.০২.০৬০৭.০০১.২৩.০১.২০২৬- ৯৬৮

তারিখ: ০২/০৬/২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. প্রোগ্রাম কো-অর্ডিনেটর (SEDP) ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

০৪. জেলা প্রশাসক, বরিশাল।

০৫. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

০২. উপজেলা ............................................ অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

০৩. অধ্যক্ষ, ............................................ কলেজ/মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল।

০৪. প্রধান শিক্ষক/সুপার, ............................................ বিদ্যালয়/মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল।

০৫. জনাব ............................................................................................

০৬. অফিস কপি।

০২.০৬.২০২৬

(খন্দকার আমিনুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।